07

দৈনিক সংবাদ

তারিখ ...07 NOV 1992 ... ...
পৃষ্ঠা... ২ ......কলাম ..৬ ...

# জাতীয় বিতর্ক কর্মশালা শুরু

(বুয়েট সংবাদদাতা)

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে তিন দিনব্যাপী ২য় জাতীয় বিতর্ক কর্মশালা গতকাল শুক্রবার শুরু হয়েছে। বুয়েট ডিবেটিং ক্লাব এই কর্মশালার আয়োজন করে।

ঢাকা, জাহাঙ্গীরনগর ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন কলেজের ২২৫ জন শিক্ষার্থী এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইত্তেফাকের সম্পাদকমন্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন। সভাপতিত্ব করেন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ পরিচালক প্রফেসর ডঃ আইনুল নিশাত।

প্রধান অতিথি তার বক্তৃতায় বলেন, আমাদের মতো দেশে যেখানে অন্ধবিশ্বাস ব্যাপক বিস্তার লাভ করে আছে সেখানে যুক্তিবাদী মানুষের খুব প্রয়োজন। বিতর্ক এ ধরনের যুক্তিবাদী মানুষ দিতে পারে।

ডঃ নিশাত তার বক্তৃতায় প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ছাত্র বনাম শিক্ষকদের একটি বিতর্ক আয়োজনের আহ্বান জানান।

অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন বাংলাদেশ ডিবেট ফেডারেশনের সভাপতি বিরূপাক্ষ পাল, ইউকসুর সহ-সাধারণ সম্পাদক চৌধুরী সালাহ্উদ্দীন টিটো ও কর্মশালার পরিচালক হাফিজুল হক বাবর।